

একাদশে ভর্তি ফি নির্ধারণ, সর্বোচ্চ কত?

অনলাইন ডেক্স



২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির অনলাইন আবেদন

প্রক্রিয়া শুরু হবে আগামী ৩০ জুলাই। চলবে ১১ আগস্ট পর্যন্ত।

মূল ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে ৭ থেকে ১৪ সেপ্টেম্বরের মধ্যে।

আর ক্লাস শুরু হবে ১৫ সেপ্টেম্বর।

এবার একাদশ শ্রেণিতে ভর্তির সর্বোচ্চ ফি নির্ধারণ করা হয়েছে ৮

হাজার ৫০০ টাকা।

গড়ন



দেশে জাতিসংঘের মানবাধিকার কার্যালয় স্থাপনের
প্রতিবাদে বিক্ষোভ

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রকাশিত

নীতিমালা থেকে এ তথ্য জানা যায়।

নীতিমালা অনুযায়ী, ঢাকার মেট্রোপলিটন এলাকার ইংরেজি

ভাস্বনের নন-এমপিও কলেজগুলো সর্বোচ্চ সাড়ে ৮ হাজার ৫০০

টাকা এবং বাংলা ভাস্বনের নন-এমপিও কলেজগুলো সর্বোচ্চ ৭

হাজার ৫০০ টাকা ফি নিতে পারবে।

ঢাকার বাইরে অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ইংরেজি ভাস্বনের

নন-এমপিও কলেজ সর্বোচ্চ ৬ হাজার টাকা এবং বাংলা ভাস্বনের

নন-এমপিও কলেজ ৫ হাজার টাকা ফি নিতে পারবে।

জেলা পর্যায়ে ইংরেজি ভাস্বনের নন-এমপিও কলেজ সর্বোচ্চ ৪

হাজার টাকা এবং বাংলা ভাস্বনের নন-এমপিও কলেজ ৩ হাজার

টাকা ফি নিতে পারবে।

১৪



মসজিদ নির্মাণকে কেন্দ্র দুইপক্ষের সংঘর্ষে আহত ৩০

উপজেলা পর্যায়ে ইংরেজি ভাস্বনের নন-এমপিও কলেজ ৩ হাজার

টাকা এবং বাংলা ভাস্বনের নন-এমপিও কলেজ ২ হাজার ৫০০

টাকা পর্যন্ত ফি নিতে পারবে।

এ ছাড়া এমপিওভুক্ত কলেজগুলোর ক্ষেত্রে ঢাকা মেট্রোপলিটন

এলাকায় বাংলা ও ইংরেজি ভাস্বনে সর্বোচ্চ ৫ হাজার টাকা,

অন্যান্য মেট্রোপলিটন এলাকায় (উভয় ভাস্বন) সর্বোচ্চ ৩ হাজার

টাকা, জেলা পর্যায়ে (উভয় ভাস্বন) সর্বোচ্চ ২ হাজার টাকা এবং

উপজেলা পর্যায়ে (উভয় ভার্সন) সর্বোচ্চ ১ হাজার ৫০০ টাকা ফি

নির্ধারণ করে দেওয়া হয়েছে।